স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৯ ইংরাজী 30th May 1962 { ৩য় সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seavr

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

দ্রুতার স্বাচ্ছন্দ্য ও বিপুলতা আনবে।

প্রস্তুতকারক

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৬ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৯ সাল।

## "দুর্নীতির দালাল ও পাণ্ডা"

—০—

তীর্থস্থানে দেবদর্শনার্থী যাত্রী ধরিবার জন্য তীর্থগুরু নামধারী পাণ্ডারা দেশময় ঘুরিয়া বেড়ায়, যাত্রী পাইলেই তাহাদের পরকালের সদ্‌গতির সুপরামর্শ দিয়া পাথেয় পর্য্যন্ত আত্মসাৎ করে। দেশে ফিরিবার টিকিটের খরচ নাই, শুনিয়া যাত্রীর পরমাত্মীয় সাজিয়া—"তোর চিন্তা কি? দশ লাগে, পঁচিশ লাগে, পঞ্চাশ লাগে সব আমি দিব" বলিয়া ভরসা দিয়া সাদা কাগজে খৎ লিখাইয়া টাকা দেয়। তাহারা জানে যে সরলপ্রাণ, ধর্ম্মভীরু, পল্লীবাসী তীর্থযাত্রী তীর্থের ঋণ পরিশোধ করিবেই। সে যদি মরিয়াও যায়, তার পুত্র পৌত্রাদি যে থাকুক, পিতৃলোকের নরকের ভয় দেখাইয়া সব টাকা আদায় হইবেই। যদিও বা কোন কোন ক্ষেত্রে টাকা আদায় না হয়,—পাণ্ডাজী এটা বেশ ভাল জানে, ঐ যাত্রীরই টাকা সব নিয়ে আবার ওকেই ধার দিয়াছিলাম—ঘরের পয়সা এক আধলাও যায় নাই। এই ভাবে ধর্ম্মের আবরণ দিয়া পাপের ব্যবসা চালাইয়া থাকে।

অপাপবিদ্ধ রাজকর্ম্মচারী বা রাজপুরুষগণ স্বপদে নিযুক্ত হইবামাত্র দুর্নীতিপরায়ণ হয় না। কতক হয় নিজেদের ঊর্দ্ধতন ঘাগী বদমাইসদের উৎসাহ পাইয়া, আর কতক হয় কর্ম্মস্থানে পাতান তথাকথিত বন্ধুগণের প্ররোচনায়। তবে পূত-চরিত্র ধর্ম্মভীরু সদ্‌গুণসম্পন্ন সরকারী ও বেসরকারী ক্ষমতাপন্ন মানব, সংখ্যায় কম হইলেও একেবারে নাই, একথা বলা চলে না। শত প্রলোভনেও তাঁহাদিগকে নিজের সম্মান ও পদমর্য্যাদা ক্ষুণ্ণ করিতে কেহ কখনও দেখেন নাই।

এক শ্রেণীর ভদ্রনামধারী মুখমিষ্টি মানুষ প্রায় সকল দেশেই আছে, যাদের পেশাই হইল—এক একটী পরার্থপরতাপূর্ণ অবৈতনিক কর্ম্ম হাতে রাখা। হাতের পাঁচ এই কর্ম্মটী উপলক্ষ করিয়া ভূতপূর্ব্ব রাজকর্ম্মচারীদের নিকট দহরম মহরম দেখাইয়াছে। নবাগত কর্ম্মচারী আসিবামাত্র সেই কাজের অছিলা করিয়া যাতায়াত সুরু করে। তারপর বাহিরের লোকের কাছে প্রচার করে যে এঁকে যা বলি ইনি তাই শোনেন। এই প্রচারের চারে তখন দুটী একটী করিয়া লক্ষ্মীপেঁচা পড়িতে আরম্ভ করে।

পাড়াগাঁয়ের পয়সাওয়ালা লোকেরা মনে করে—আমার বাড়ীতে হাকিম হুকিম সাহেব সুবা যদি যাতায়াত করে, সকলে আমাকে ভয় তো করেই, তার উপরে এঁদের সঙ্গে আত্মীয়তা জমাইলে—"বাঘের নখ" সোনায় বাঁধা বাঘের নখ হইব। এই আশা করিয়া হাকিম ঘেঁসা ফন্দীবাজ দালালের আশ্রয় গ্রহণ করে।

সরকারী বেতনভোগী পদস্থ ব্যক্তি হইলেই যে তাঁহার প্রাণে কোনও সখ বা আমোদ উপভোগ করার স্পৃহা থাকা উচিত নয়, এ কথা বলা চলে না। আমরা এখনও দেখিতে পাই—দুই একজন অফিসার যাদের গ্রামে চর্ব্বচুষ্য খাদ্যের প্রলোভন নাই বা যাদের মামলা মোকদ্দমা নাই, তাদের গ্রামে নিজেদের খাবার বাঁধিয়া লইয়া গিয়া—শিকার বা মাছ ধরার সখ মিটাইয়া থাকেন।

দালাল মহাশয়ের খপ্পরে যাঁহারা পড়িয়া সখ করিতে যান, লক্ষ্মীপেঁচার প্রাসাদরূপ কুলায়ে প্রথমতঃ তাঁহাদের প্রাথমিক জলযোগের পর পুকুরে চার পড়ে। রান্নাঘরে নানাবিধ চার ভাজা হওয়ায় সেগুলি আপাততঃ ঘ্রাণেনার্দ্ধভোজনং করিয়া জলাশয়ের ধারে তরঙ্গের (ফাৎনা) দিকে কাহারও লক্ষ্য, কাহারও লক্ষ্য প্রাসাদের নির্ম্মাণ-মাধুরী। কেহ কেহ কত লোকহিতকর কর্ম্মের পরিকল্পনা করিতে থাকেন। যাহা হউক শেষ অবধি রান্নাঘরের চারগুলি নিঃশেষ করিয়া স্বস্থানে প্রত্যাগমন। দুর্নীতি-পরায়ণ ব্যক্তিগণ নিজেদের দুর্নীতির সমর্থন করিয়া—বলেন কারও বাগানের ফল ফুল লওয়ার দোষ নাই। কিন্তু এই ফল হইতে fall (ফল্—পতন) ফুল হইতে শেষ পর্য্যন্ত fool (ফুল্—নির্ব্বোধ) হওয়া আরম্ভ হয়। গ্রামবাসী দর্শকগণের সকলেই কাণা-কাণি করে—বাপ্‌রে সব হুজুরই আমাদের হুজুরের পোষমানা। গ্রাম্য হুজুর যার প্রতি বিরূপ তার বুকের মধ্যে কম্পন আরম্ভ হয় না কি? কাঙালের মরণ ভাল! কার কাছে দাঁড়াব ইনি যদি পীড়ন করেন?

দালালের চারে উঠিল, লক্ষ্মীপেঁচা, লক্ষ্মীপেঁচার চারে উঠিল খামখেয়ালী হুজুর, কিন্তু নাচার হইল যখন তখন অদেয়-কর-ভারে-পীড়িত হইয়া দরিদ্র কাঙাল পল্লীবাসিগণ। এই ভাবে কত নিষ্পাপ রাজপুরুষ একটু একটু করিয়া প্রলোভিত হইয়া পাপপঙ্কে নিমজ্জিত হন। আইনের ধারার অপপ্রয়োগ করিয়া কাঙালের নয়নধারা অনুসারে রোগশোকাদি দণ্ড উপভোগ করেন। যিনি তোষামোদ করিয়া স্বগৃহে পদধূলি দিবার জন্য একদিন অনুরোধ করিয়াছেন তিনিই লোকের কাছে স্পর্দ্ধা করেন—অমুক বাবু? ওকে যা বল্‌বো তাই করবে। আরও অনেক রকমে দালালের দ্বারা দুর্নীতি সারা দেশে ছড়াইয়া পড়িতেছে।

যে সমস্ত রাজকর্ম্মচারী নিজেদের নিষ্পাপ রাখিতে চান তাঁহারা এই সব বন্ধুবেশী দালালগণকে নিজেদের ত্রিসীমানায় ঘেঁসিতে যেন না দেন।

---

## দুঃস্থ পরিবার সমূহের আর্থনীতিক পুনর্বাসন ত্রাণের জন্য দরখাস্ত

কলিকাতা শহরের দুঃস্থ পরিবারবর্গের আর্থনীতিক পুনর্বাসন সংক্রান্ত পরিকল্প অনুযায়ী যাঁহারা ত্রাণের জন্য দরখাস্ত করিতে চান তাঁহাদের কলিকাতাস্থ রাইটার্স বিল্ডিংস্‌-এ ত্রাণ বিভাগের ত্রাণ উপ-অধিকর্তার নিকট সাদা কাগজে আবেদনপত্র প্রেরণ করিতে হইবে। ঐরূপ দরখাস্তকারিগণকে নিজেদের আর্থিক অবস্থা এবং কি ধরণের ত্রাণ তাঁহারা চান তাহা জানাইতে হইবে। প্রাথমিক অনুসন্ধানের পর সাহায্যলাভ সম্পর্কে মোটামুটি যোগ্যতা প্রতিষ্ঠিত হইলে ফরম দেওয়া হইবে।

—প্রেসনোট

---

## রবীন্দ্র স্মৃতি পুরস্কার

পশ্চিমবঙ্গ সরকার বিচারক দলের সুপারিশ অনুসারে ১৯৬১-৬২ সালের জন্য নিম্নোক্ত ব্যক্তিদের প্রত্যেককে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা মূল্যের রবীন্দ্র স্মৃতি পুরস্কার প্রদান করিয়াছেন: বাংলা ভাষায় 'হাটেবাজারে' পুস্তকের জন্য বিহারের ভাগলপুরস্থ আদমপুরের গোলকুঠির শ্রীবলাইচাঁদ মুখোপাধ্যায় (বনফুল), বাংলা ভাষায় 'পঞ্চোপাসনা' গ্রন্থের জন্য কলিকাতার ২৮নং মনোহর পুকুর রোড নিবাসী শ্রীজিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং ইংরেজি ভাষায় 'সিষ্টার নিবেদিতা' গ্রন্থের জন্য কলিকাতাস্থ ৫নং নিবেদিতা লেনের ভগিনী নিবেদিতা বালিকা বিদ্যালয়ের প্রব্রাজিকা আত্মপ্রাণা। —প্রেসনোট

## নির্দ্দোষ মশক-দংশন

স্বাস্থ্য-মন্ত্রী ডাঃ সুশীলা নায়ার গত ২৬শে মে লোকসভায় বলেন, তৃতীয় যোজনার শেষাশেষি ভারত ম্যালেরিয়ামুক্ত হ'লেও মশার উৎপাত থেকে মুক্ত হবে না। মশা এখনকার মতই যথারীতি দংশন করতে থাকবে কিন্তু সে দংশন হবে পুরোপুরি নির্দ্দোষ। তাতে ম্যালেরিয়া হবার আশঙ্কা থাকবে না।

## আসামীর কাঠগড়ায় ৮ বছরের বালিকা

গত ৯ই মে মেমারী থানার নবগ্রাম প্রাথমিক বিদ্যালয়ের একটি ৮ বছরের ছাত্রী উক্ত বিদ্যালয়েরই একটি সমবয়স্ক ছাত্রের তলপেটে আঘাত করে। ফলে হাসপাতাল লইয়া যাইবার পথে বালকটির মৃত্যু হয়। গত ১২ই মে বালিকাকে বর্দ্ধমান আদালতে ম্যাজিষ্ট্রেটের সম্মুখে হাজির করা হয়। প্রকাশ, ঐ দিন সকাল ৯টার সময় বিদ্যালয়ের একদল ছাত্র-ছাত্রী ফুলের মধু খাইতেছিল। ঐ সময় মৃত বালকটি নাকি আসামী বালিকার ভাইয়ের গায়ে নাকের ময়লা লাগাইয়া দেয়। ইহাতে বালিকাটি ক্রুদ্ধ হইয়া তাহার পেটে আঘাত করে।

## আদিবাসী ছাত্রদের পরীক্ষা ফি বাবত অনুদান

পশ্চিমবঙ্গ সরকার ১৯৬২-৬৩ সালের স্কুল ফাইনাল বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী, তফসিলী সম্প্রদায় ও আদিবাসী ছাত্রদের পরীক্ষা ফি দেওয়ার জন্য যথাক্রমে ১৬,৬০০ টাকা এবং ৩,৭৫০ টাকা বরাদ্দ করিয়াছেন।

## জঙ্গিপুর মহকুমা রবীন্দ্র জন্ম শত বার্ষিক উৎসব

জঙ্গিপুর মহকুমা রবীন্দ্র জন্ম শত বার্ষিক উৎসব সমিতির উদ্যোগে গত ২৫শে বৈশাখ মঙ্গলবার সকাল ৫ ঘটিকায় প্রভাত ফেরী, বেলা ৮ ঘটিকায় ছায়াবাণী সিনেমা হলে শান্তিনিকেতন ও জোড়াসাঁকোর ছবি দেখান হয়। বৈকাল ৬ ঘটিকায় রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে সভা ও বিচিত্রানুষ্ঠান অনুষ্ঠিত হয়। ৭ই জ্যৈষ্ঠ সাহিত্য দিবস—পরেশনাথ গ্রন্থাগার কর্ত্তৃক 'শোধবোধ' নাটকাভিনয়; ৮ই জ্যৈষ্ঠ সাংস্কৃতিক দিবস—জঙ্গিপুর হায়ার সেকেণ্ডারী মাল্টি পারপাস স্কুল কর্ত্তৃক বিচিত্রানুষ্ঠান, ৯ই জ্যৈষ্ঠ ন ট্যদিবস—নাটকাভিনয়, ১০ই জ্যৈষ্ঠ বিতর্ক দিবস—শ্রীদুঃখভঞ্জন সান্যাল কর্ত্তৃক রবীন্দ্র সঙ্গীত (কীর্ত্তনাঙ্গ), ১১ই জ্যৈষ্ঠ আবৃত্তি দিবস—রঘুনাথগঞ্জ গার্লস্ স্কুল কর্ত্তৃক বিচিত্রানুষ্ঠান প্রভৃতি অনুষ্ঠিত হইয়াছে। প্রত্যহ অগণিত নরনারী ও শিশুগণ উৎসব ক্ষেত্রে সমবেত হইয়া প্রত্যেক অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করিয়াছেন। বিশ্বকবির জন্ম-জয়ন্তী উৎসব মহকুমার সকল বিদ্যালয়ে, ক্লাবে, লাইব্রেরীতে নগরে ও পল্লীতে সাধ্যমত সমারোহের সহিত প্রতিপালিত হইয়াছে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই জুন ১৯৬২

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৫৭ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং অরবিন্দনাথ রায় দিং দাবি ৬১৯ টাকা ৬৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৪০ শতকের কাত ৬।০ আঃ ১২৫৲ ২নং লাট মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ১৶৬ আঃ ১২৫৲ ৩নং লাট থানা ঐ মৌজে নশীপুর ও কুতুবপুর ১৫ শতকের কাত ॥/৮ আঃ ৫০৲ ৪নং লাট থানা ঐ মৌজে পিয়ারাপুর ১-৫৭½ শতকের কাত ২৸৬ আঃ ৪৮০৲

১৯৬১ সালের ডিক্রীজারী

৬১ মনি ডিঃ অমরেন্দ্রনাথ দাস দিং দেং সত্যেন্দ্রনাথ দাস দিং দাবি ৩০ টাকা ৩৮ নঃ পঃ থানা সুতী মৌজে হারোয়া ৫৬ শতকের পরতামত কাত ৬।০ আঃ ২০০৲ খং ২২৭ রায়ত স্থিতিবান

৯৫ মনি ডিঃ কুর্শিয়াতন বিবি দেং খুরসেদ সেখ দাবি ৪৯৭ টাকা ৩৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত বৈদড়া ৩ শতক জমি মায় তদুপরিস্থিত টীনের ঘর আঃ ৩০০৲ খং ১৭০ ২নং লাট মৌজে মণ্ডলপুর ৩১½ শতক জমি আঃ ২০০৲ খং ৪০৩ ৩নং লাট মৌজে ঐ :৫ শতক জমি আঃ ৫০৲ খং ৮৩১ ৪নং লাট মৌজে ঐ ২৬ শতক জমি আঃ ৫০৲ খং ৮২৯

৬ খাং ডিঃ ভবতারিণী দেবী দেং পদ্মকামিনী দেবী দাবি ১৭৬৬ টাকা ৭৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৯½ শতক জমি আঃ ১০০০৲ খং ২২২২

১৯৬২ সালের ডিক্রীজারী

১৫ মনি ডিঃ শ্রীপতিমোহন দাস দেং খোস্ব সেখ ওরফে খোস মহম্মদ দাবি ১১৩ টাকা ৮৪ নঃ পঃ থানা সুতী মৌজে আহিরণ ২॥০ শতকের জমা ।৶১০ আঃ ১১৫৲ খং ৩৭ রায়ত স্থিতিবান স্বত্ব

২০ মনি ডিঃ শম্ভুনাথ পণ্ডিত দেং লাজেম সেখ দাবি ১৬৯ টাকা ৩৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ২ শতক জমি মায় তদুপরিস্থিত খেড়ি ঘর ১টী ৫নং ওয়ার্ড জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত আঃ ২০০৲ খং ১৪৭

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৮ই জুন ১৯৬২

১৯৬০ সালের ডিক্রীজারী

২৯ মনি ডিঃ মেসার্স সুরজনাথ প্রসাদ কেদারনাথ দেং সুধাংশু মণ্ডল নাঃ দিং পক্ষে অলিমাত্তা ও স্বয়ং তারণ বেওয়া দাবি ১৮৯৬ টাকা ৫৩ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে ইটোর ৪-৮৬ শতক জমি আঃ ৩০০০৲ খং ২৪৪

